


# রেফিউজি এন্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু) প্রস্তাবিত

# খসড়া বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী

# (সাব-এজেন্ট বা প্রতিনিধি নিবন্ধন ও আচরণ)

# বিধিমালা

# রেফিউজি এন্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু)

## প্রস্তাবিত খসড়া

## বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সাব-এজেন্ট বা প্রতিনিধি নিবন্ধন ও আচরণ) বিধিমালা

বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর ধারা ৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা: -

১। **শিরোনাম:** এই বিধিমালা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সাব-এজেন্ট বা প্রতিনিধি নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা:** (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "আইন অর্থ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন);

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "ফরম" অর্থ তফসিল-২ এ বর্ণিত ফরম;

(ঘ) "মহাপরিচালক" অর্থ আইনের ধারা ২ এর দফা (১৯) এ সংজ্ঞায়িত- মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো;

(ঙ) "সহকারী পরিচালক" অর্থ সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস;

(চ) "রিক্রুটিং এজেন্সি" অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬) এ সংজ্ঞায়িত রিক্রুটিং এজেন্ট;

(ছ) "সাব-এজেন্ট বা প্রতিনিধি" অর্থ আইনের ধারা ২ এর দফা (১৮) এ সংজ্ঞায়িত সাব-এজেন্ট বা প্রতিনিধি বলতে ২০১৩ সনের ৪৮ নং আইন এর ধারা ১৪ক- এর আওতায় নিবন্ধিত কোনো ব্যক্তি যিনি কোনো রিক্রুটিং এজেন্টের সাব-এজেন্ট বা প্রতিনিধি হিসাবে বৈদেশিক কর্মসংস্থানের জন্য উক্ত এজেন্টের চাহিদা অনুযায়ী কর্মী সংগ্রহ করেন; এবং

(জ) "অপরাধ" অর্থ আইনের ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত অপরাধ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **নিবন্ধনের জন্য আবেদন। -** বৈদেশিক কর্মসংস্থানের জন্য রিক্রুটিং এজেন্টকে চাহিদা অনুযায়ী কর্মী সংগ্রহে সহায়তা করিতে আগ্রহী ব্যক্তিকে নিবন্ধনের জন্য, তফসিল-১ এ উল্লিখিত আবেদন ফি এবং নিম্নবর্ণিত দলিলাদি ও কাগজপত্রসহ ফরম-১ অনুযায়ী, সহকারী পরিচালকের মাধ্যমে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে, যথা:-

(ক) ওয়ার্ড কমিশনার/ চেয়ারম্যান কর্তৃক প্রদানকৃত আবেদনকারীর প্রত্যয়ন পত্র;

(খ) আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে আবেদনকারীর স্থাবর, অস্থাবর সম্পদের প্রমাণক এবং নগদ অর্থের পরিমাণ উল্লেখপূর্বক বিগত বৎসরের ব্যাংক হিসাব বিবরণী;

(গ) পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট বা প্রত্যয়নপত্র;

(ঘ) নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক ৩০০(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা, যথা:-

(অ) বিদেশে অভিবাসী কর্মী প্রেরণে রিক্রুটিং এজেন্সি কে সহায়তা করিবার ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণের অধিক ফি প্রদান করিতে কর্মীকে অনুরোধ করিবেন না বা অন্য কোনো অর্থ গ্রহণ করিবেন না। তবে অভিবাসন সংক্রান্ত কোনো প্রয়োজনে কোনো অর্থ গ্রহণের ক্ষেত্রে সাব-এজেন্ট বা প্রতিনিধি তার নিবন্ধন নম্বর সংবলিত রসিদ প্রদান করিবেন;

(আ) কর্মসংস্থানের জন্য বিদেশে প্রেরণের উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্সির মনোনীত সাব-এজেন্ট বা প্রতিনিধি হইয়া অভিবাসী কর্মী নির্বাচনের ক্ষেত্রে কোনো ব্যক্তিকে মিথ্যা প্রলোভন প্রদান করিবেন না বা প্রতারণার আশ্রয় গ্রহণ করিবেন না;

(ই) রিক্রুটিং এজেন্সির চাহিদা অনুযায়ী নির্দিষ্ট কাজের জন্য সঠিক কর্মী নির্বাচন করিবেন;

(ঈ) রিক্রুটিং এজেন্সির মনোনীত সাব-এজেন্ট বা প্রতিনিধি হইয়া অভিবাসী কর্ম নির্বাচন সংক্রান্ত সকল দাবী ও দায়-দায়িত্বের জন্য সম্পূর্ণভাবে দায়ী থাকিবেন;

(উ) নিবন্ধন মঞ্জুর করা হইলে, ব্যুরো কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ গ্রহণ, নির্ধারিত দায়িত্ব ও বিধি-বিধান পালন, নির্ধারিত আচরণ অনুসরণ, বাধ্যতামূলক প্রতিপালন করিবে।

৪। **নিবন্ধন প্রদান: -** (১) আবেদনপত্র প্রাপ্তির পর সহকারী পরিচালক আবেদনে উল্লিখিত তথ্যাবলি এবং সংযুক্ত দলিলাদি ও কাগজপত্র যথাযথভাবে পরীক্ষা করিবেন এবং, প্রয়োজনে, আবেদনে উল্লিখিত তথ্যাবলি এবং সংযুক্ত দলিলাদি ও কাগজপত্রের যথার্থতা এবং আবেদনকারীর বিশ্বাসযোগ্যতা সর্ম্পকে অনুসন্ধানপূর্বক ৩ (তিন) মাসের মধ্যে, মহাপরিচালকের নিকট, উহার সুপারিশসহ, উক্ত আবেদনপত্র প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন সুপারিশসহ আবেদনপত্র প্রাপ্তির পর মহাপরিচালক, সহকারী পরিচালকের সুপারিশ বিবেচনাপূর্বক, উক্ত সুপারিশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১ (এক) মাসের মধ্যে, নিম্নবর্ণিত শর্তাধীনে আবেদন মঞ্জুর করিবে, অথবা আবেদন নামঞ্জুর করিবে, যথা:-

(ক) সাব-এজেন্ট বা প্রতিনিধিকে আইন ও বিধি অনুযায়ী আচরণ ও কার্যক্রম পরিচালনা করিতে হইবে;

(খ) নিবন্ধনের প্রত্যেক মেয়াদে সাব-এজেন্ট বা প্রতিনিধি কে ন্যূনতম ২০ (বিশ) জন কর্মী কে বিদেশে প্রেরণে সহায়তা করতে হইবে; এবং

(গ) আইন ও বিধির কার্যকারিতা বা সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া সাব-এজেন্ট বা প্রতিনিধিকে, সরকার কর্তৃক, আদেশ দ্বারা, নির্ধারিত অন্যান্য শর্ত প্রতিপালন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে অনতিবিলম্বে উহা লিখিতভাবে জেলা জনশক্তি কর্মসংস্থান অফিসের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন কোনো আবেদন মঞ্জুর করা হইলে ব্যুরো, তদ্‌কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে, সংশ্লিষ্ট আবেদনকারীকে সহকারী পরিচালকের অনুকূলে তফসিল-১ এ উল্লিখিত নিবন্ধন ফি ও জামানত বাবদ অর্থ জমাদানের জন্য নির্দেশ প্রদান করিবে।

(৫) আবেদনকারী, উপ-বিধি (৪) এর অধীন প্রদত্ত নির্দেশনা অনুসারে, নিবন্ধন ফি ও জামানত বাবদ অর্থ জমা প্রদানপূর্বক সহকারী পরিচালকের নিকট উক্ত ফি ও অর্থ জমা প্রদানের রসিদ দাখিল করিলে সহকারী পরিচালক, উহা যাচাইপূর্বক, রসিদ জমা প্রদানের তারিখ হইতে অনধিক ১ (এক) মাসের মধ্যে, মহাপরিচালকের পক্ষে, আবেদনকারীর অনুকূলে ফরম-২ অনুযায়ী নিবন্ধন করিবেন।

(৬) এই বিধিমালার অন্যান্য বিধানে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, নিবন্ধন প্রদানের ক্ষেত্রে, বিদেশ ফেরত অভিবাসী কর্মীর রিক্রুটিং এজেন্টের সাব-এজেন্ট বা প্রতিনিধি হইয়া কর্মী নির্বাচন সংক্রন্ত কার্যক্রম পরিচালনায় আগ্রহী ব্যক্তির আবেদন অগ্রধিকারের ভিত্তিতে বিবেচনা করা হইবে।

(৭) ব্যুরো, সাব-এজেন্ট বা প্রতিনিধির নিবন্ধন প্রাপ্তির পর প্রত্যেক সাব-এজেন্ট বা প্রতিনিধিকে একটি নিবন্ধন নম্বর প্রদান করিবে।

(৮) ব্যুরো, সাব-এজেন্ট বা প্রতিনিধির নিবন্ধন প্রাপ্তির পর রিক্রুটিং এজেন্টগণের অবহিতির জন্যে ব্যুরোর ওয়েব সাইটে নিবন্ধনের তথ্যাবলী হালনাগাদ করিবে।

৫। **নিবন্ধনের আবেদন পুনর্বিবেচনা:-** (১) বিধি ৪ এর উপ-বিধি (২) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে সংশ্লিষ্ট আবেদনকারী উক্ত নামঞ্জুর করিবার বিষয়টি অবহিত হইবার অনধিক ১ (এক) মাসের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য মহাপরিচালকের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন করা হইলে, বিষয়টি যাচাইপূর্বক, আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২ (দুই) মাসের মধ্যে, ব্যুরো সংশ্লিষ্ট আবেদন মঞ্জুর করিবে, অথবা লিখিতভাবে প্রত্যাখ্যান করিবে, যাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। **নিবন্ধন নবায়ন:-** (১) নিবন্ধন নবায়নের জন্য সাব-এজেন্ট বা প্রতিনিধি কে, নিবন্ধন মেয়াদ শেষ হইবার অন্যূন ২ (দুই) মাস পূর্বে, তফসিল-১ এ উল্লিখিত নিবন্ধন নবায়নের আবেদন ফি এবং প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ ফরম-৩ অনুযায়ী মহাপরিচালক বরাবর আবেদনপত্র দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো সাব-এজেন্ট বা প্রতিনিধি যুক্তিসঙ্গাত কোনো কারণে নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়নের জন্য আবেদনপত্র দাখিল করিতে ব্যর্থ হইলে, কারণ উল্লেখপূর্বক, নিবন্ধন নবায়নের জন্য উপরি-উক্ত বিধান অনুযায়ী আবেদন করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, ব্যুরো, আবেদনপত্র দাখিলের সময়সীমা, প্রয়োজনে, হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(২) মহাপরিচালক, নিবন্ধন প্রদানের ক্ষেত্রে বিবেচ্য দলিলাদি ও কাগজপত্র এবং নিবন্ধন প্রদানের শর্তাবলি ও সাব-এজেন্ট বা প্রতিনিধির বিগত ২ (দুই) বৎসরের কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়নপূর্বক এবং অভিবাসন গমন প্রত্যাশী কর্মীর নিবন্ধন ও রিক্রুটিং এজেন্ট কর্তৃক চাহিদামতে কর্মী নির্বাচনে দক্ষতা এবং, ক্ষেত্রমতে, বিলম্বের কারণ বিবেচনাক্রমে সন্তুষ্ট হইলে, তদ্‌কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে, তাহার অনুকূলে তফসিল-১ এ উল্লিখিত নিবন্ধন নবায়ন ফি অথবা, ক্ষেত্রমতে, বিলম্ব জরিমানাসহ নিবন্ধন নবায়ন ফি বাবদ অর্থ জমাদানের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীকে নির্দেশ প্রদান করিবে।

(৩) আবেদনকারী, উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নির্দেশনা অনুসারে, নিবন্ধন নবায়ন ফি অথবা, ক্ষেত্রমতে, বিলম্ব জরিমানাসহ নিবন্ধন নবায়ন ফি বাবদ অর্থ জমা প্রদানপূর্বক মহাপরিচালকের নিকট উহার রসিদ দাখিল করিলে তিনি, উহা যাচাইপূর্বক, রসিদ জমা প্রদানের তারিখ হইতে অনধিক ১ (এক) মাসের মধ্যে, ব্যুরোর পক্ষে, আবেদনকারীর অনুকূলে ফরম-২ অনুযায়ী নিবন্ধন নবায়ন করিবেন, যাহা সংশ্লিষ্ট নিবন্ধনের বৈধতার মেয়াদ শেষ হইবার পরবর্তী দিন হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত কার্যকর থাকিবে।

(৪) নিবন্ধন নবায়নের আবেদন বিবেচনার সময় মহাপরিচালক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, সাব-এজেন্ট বা প্রতিনিধি অসদাচরণের জন্য দায়ী অথবা তাহার কার্যসম্পাদন সন্তোষজনক নহে অথবা তাহাকে কর্মী নির্বাচন সংক্রান্ত কোনো দুষ্কর্ম বা অপরাধের জন্য শাস্তি প্রদান করা হইয়াছে অথবা কর্মী নির্বাচনের ক্ষেত্রে তাহার বিরুদ্ধে অতিরিক্ত অর্থ আদায়ের প্রমাণিত রেকর্ড রহিয়াছে অথবা যাহার নিবন্ধন বাতিল হইয়াছে অথবা যাহার বিরুদ্ধে অবৈধভাবে কর্মী সংগ্রহের পূর্বর্তী রেকর্ড রহিয়াছে অথবা যিনি আইন বা বিধির কোনো বিধান লংঘন করিয়াছেন, তাহা হইলে, কারণ লিপিবন্ধ করিয়া, সংশ্লিষ্ট আবেদন নামঞ্জুর করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, নিবন্ধন নবায়নের আবেদন নামঞ্জুর করিবার পূর্বে সাব-এজেন্ট বা প্রতিনিধিকে ব্যক্তিভাবে শুনানির সুযোগ প্রদান করিতে হইবে। কিন্তু শুনানি পরবর্তী ব্যুরোর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। **নিবন্ধিত সাব-এজেন্ট বা প্রতিনিধির প্রশিক্ষণ**:- (১) বিধি ৪ এর উপবিধি ২ অনুযায়ী কোনো ব্যক্তি সাব-এজেন্ট বা প্রতিনিধি হিসাবে নিবন্ধিত হইবার পর ব্যুরো সাব-এজেন্ট বা প্রতিনিধিগণের জন্য ১ (এক) মাসের প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

(২) উক্ত প্রশিক্ষণে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এবং এই আইনের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে প্রনয়ণকৃত সকল বিধি সমূহ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা ২০১৬ এবং বৈদেশিক কর্মসংস্থান সংশ্লিষ্ট প্রাসঙ্গিক বিষয়াদি এবং সাব-এজেন্ট বা প্রতিনিধির দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে অবহিত করা হইবে।

৮। **সাব-এজেন্ট কর্তৃক অভিবাসী কর্মী নিবন্ধন**:- (১) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ১৯ ধারার উদ্দেশ্য পূরণ কল্পে অভিবাসন করিতে আগ্রহী কর্মীগণের নিবন্ধনের জন্যে সহায়তা করিবে;

(২) বিধি ১ অনুযায়ী অভিবাসী কর্মী নিবন্ধনের জন্যে সাব-এজেন্ট বা প্রতিনিধি সংশ্লিষ্ট জেলা জনশক্তি কর্মসংস্থান অফিসের মাধ্যমে কর্মী নিবন্ধন করিতে হইবে। কর্মী নিবন্ধনের জন্য তফসিল-২ এ উল্লিখিত ফরম-৪ অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট জেলা জনশক্তি কর্মসংস্থান অফিসে জমা দিবেন। উক্ত নিবন্ধিত কর্মী এবং সাব-এজেন্ট বা প্রতিনিধির তথ্য জেলা জনশক্তি কমংস্থান অফিস সংগ্রহ করিবে এবং সংশ্লিষ্ট জেলা জনশক্তি কর্মসংস্থান অফিসের তথ্য বাতায়নে সকল তথ্যাদি সংরক্ষিত থাকিবে।

৯। **রিক্রুটিং এজেন্সি কর্তৃক সাব-এজেন্ট বা প্রতিনিধি নির্বাচন:-** (১) ব্যুরো কর্তৃক সংরক্ষিত তথ্য বাতায়নে নিবন্ধিত সাব-এজেন্ট বা প্রতিনিধির তালিকা হইতে রিক্রুটিং এজেন্টগণ তাহাদের চাহিদা অনুযায়ী এক বা একাধিক সাব-এজেন্ট বা প্রতিনিধি নির্বাচন করিবেন;

(২) রিক্রুটিং এজেন্ট বিদেশে কর্মী নিয়োগের নিমিত্ত প্রাপ্ত চাহিদাপত্র অনুযায়ী কর্মী নির্বাচনের জন্য নিবন্ধিত সাব-এজেন্ট বা প্রতিনিধিকে অনুরোধ করিবেন;

(৩) রিক্রুটিং এজেন্ট বিদেশে কর্মী নিয়োগের জন্য প্রাপ্ত চাহিদাপত্র সংক্রন্ত সকল শর্ত ও তথ্যাবলী নিবন্ধিত সাব-এজেন্ট বা প্রতিনিধিকে যথাযথভাবে অবহিত করাইবেন।

(৪) রিক্রুটিং এজেন্ট কর্মী নির্বাচনের ক্ষেত্রে অধিক মুনাফা প্রাপ্তির লক্ষ্যে সাব-এজেন্ট বা প্রতিনিধির মধ্যে অসৎ প্রতিযোগিতার সৃষ্টি করাইবেন না; এবং

(৫) রিক্রুটিং এজেন্ট কর্মী নির্বাচনের জন্য সরকার নির্ধরিত অভিবাসন ফি এর ন্যূনতম ১০% কমিশন উক্ত সাব-এজেন্ট বা প্রতিনিধিকে প্রদান করিবেন, তবে সাব-এজেন্ট কোনোভাবেই সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ কর্মীর নিকট হইতে নিজে আদায় করিবেন না বা রিক্রুটিং এজেন্টকে অর্থ প্রদান করিতে কর্মীকে বাধ্য করিবেন না।

**১০। সাব-এজেন্ট বা প্রতিনিধির দায়িত্ব ও আচরণ:-** (১) প্রত্যেক সাব-এজেন্ট বা প্রতিনিধি-

(ক) আইন, বিধি এবং সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন, আদেশ বা নির্দেশ এবং নিবন্ধনের শর্তাবলি মানিয়া চলিবেন;

(খ) বিদেশ গমনে ইচ্ছুক কর্মীগণের বিদেশ গমন সংক্রান্ত তথ্য ও  পরামর্শ প্রদানের ব্যবস্থা করিবেন;

(গ) বিদেশে গমন ইচ্ছুক কর্মীর দক্ষতা অর্জনের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হইতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঘ) বিদেশে গমন ইচ্ছুক কর্মী বিশেষ করিয়া নারী কর্মীর পাসপোর্ট প্রস্তুত, দক্ষতা অর্জনওে জন্য প্রশিক্ষণ গ্রহণ, বিদেশে গমনের পূর্বে স্বাস্থ্য পরীক্ষা, প্রাক-বহির্গমন প্রশিক্ষণে অংশগ্রহণ, বহির্গমন ছাড়পত্র গ্রহণ ইত্যাদি কাজে সহায়তা করিবেন;

(ঙ) আইন বা বিধি মোতাবেক সরকার বা ব্যুরো কর্তৃক পরিচালিত যে কোনো তদন্তে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন এবং, ক্ষেত্রমতে, তথ্য প্রদান করিবেন;

(চ) তাহার মাধ্যমে বিদেশে প্রেরিত কর্মীগণের নাম, ঠিকানা, গন্তব্য দেশ, নিয়োগকারীর ঠিকানা এবং প্রেরণকৃত রিক্রুটিং এজেন্সির তথ্য সংরক্ষণ করিবেন;

(ছ) বিদেশে কর্মরত কর্মী সমস্যাগ্রস্ত হইলে বা মৃত্যুবরণ করিলে যদি কর্মীর পরিবারের সহিত যোগাযোগ করিবার কোনো প্রয়োজন হয় তাহা হইলে উক্ত ব্যবস্থা গ্রহণ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন; এবং

(জ) কর্মী নিবাচনের ক্ষেত্রে একাধিক রিক্রুটিং এজেন্টের সহিত অনৈতিক প্রতিযোগিতা পরিহার করিবেন।

(২) কর্মী নির্বাচনের সময় সাব- এজেন্টগণ নিম্নবর্ণিত নির্দেশ কঠোরভাবে প্রতিপালন করিবেন, যথা:-

(ক) রিক্রুটিং এজেন্ট কর্তৃক অবহিত হইয়া অভিবাসী কর্মী নির্বাচনের ক্ষেত্রে কর্মীগণকে কর্মের অবস্থান, আবাসন সুবিধা, চুক্তির মেয়াদ, বার্ষিক বেতন বৃদ্ধি, ওভারটাইমের সুযোগ, বেতন ও অন্যান্য সুবিধাসহ শর্তাবলি বিষয়ে সঠিক তথ্য প্রদান করিবেন;

(খ) সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমার বাহিরে বিশেষ করিয়া কোনো নারী কর্মী নির্বাচন করিবেন না; এবং

(গ) বৈদেশিক কর্মসংস্থানের জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, করিগরিভাবে দক্ষ, শারীরিকভাবে যোগ্য কর্মী নির্বাচন করিবেন।

**১১। অভিযোগ তদন্তঃ-** (১) বিদ্যমান কোনো আইনের অধীন মামলা দায়েরের অধিকারকে ক্ষুণ্ন না করিয়া কোনো ক্ষতিগ্রস্ত ব্যক্তি কোনো রিক্রুটিং এজেন্টসহ সংশ্লিষ্ট সাব-এজেন্ট বা প্রতিনিধির বিরুদ্ধে প্রতারণা, অবৈধভাবে অর্থ গ্রহণ বা কর্মসংস্থান চুক্তি লঙ্ঘনের অভিযোগসহ সংশ্লিষ্ট অন্য যে কোনো বিষয়ে লিখিতভাবে সরাসরি বা ইলেকট্রনিক পদ্ধতিতে কিংবা ব্যুরো বা ব্যুরোর অধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয় বা, ক্ষেত্রমতে, গন্তব্য দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের মাধ্যমে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অভিযোগ দাখিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো অভিযোগ প্রাপ্ত হইলে, সরকার সরাসরি বা ব্যুরোর মাধ্যমে উহা তদন্ত করিবে।

(৩) ব্যুরো উপ-বিধি (১) বা, ক্ষেত্রমতে, (২) এর অধীন প্রাপ্ত অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় তদন্ত করিবে এবং সংশ্লিষ্ট বিষয়ে উহার মতামতসহ ৩০ (ত্রিশ) কার্যদিবসেরে মধ্যে ব্যুরোর নিকট প্রতিবেদন দাখিল করিবে।

উক্ত সময়ের মধ্যে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন প্রদানে ব্যর্থ হইলে, তার কারণ উল্লেখপূর্বক মহাপরিচালক কে অবহিত করিবে এবং পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ব্যুরোর নিকট প্রতিবেদন দাখিল করিবে।

তবে, যেক্ষেত্রে সরকার সরাসরি তদন্ত করাবে সেক্ষেত্রে উক্ত তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের অর্পিত কর্মকর্তার (যুগ্ম সচিব সমমর্যাদা সম্পন্ন) নিকট প্রতিবেদন দাখিল করিবে।

(৪) এই বিধির অধীন পরিচালিত তদন্তে কোনো অভিযোগ প্রমানিত হইলে, তদন্ত শেষ হইবার তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে, সরকার বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা ব্যক্তি, আদেশ দ্বারা সরাসরি বা সালিশের মধ্যমে, অভিযোগ নিস্পত্তি করিবেন।

(৫) এই বিধির অধীন পরিচালিত তদন্তে কোনো অভিযোগ প্রমাণিত হইলে বা অভিযোগ তদন্তকালে অভিযোগকারী ও সাব-এজেন্ট বা প্রতিনিধি এবং রিক্রুটিং এজেন্ট আপোষ মীমাংসায় উপনীত হইবার আগ্রহ প্রকাশ করিলে, ক্ষেত্রমতে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বা ব্যুরো বা তদ্‌কতৃর্ক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি মধ্যস্থতা বা সালিশের মাধ্যমে, অভিযোগ নিস্পত্তি করিবে;

তবে শর্ত থাকে যে, উক্তরূপ মধ্যস্থতা বা সালিশ, সংশ্লিষ্ট পক্ষগণকে প্রযোজ্য কোনো আইনের অধীন অন্য কোনো আইন প্রতিকার লাভের অধিকারকে ক্ষুণ্ন করিবে না।

**১২। নিবন্ধন ফি, জামানত, নবায়ন ফি, ইত্যাদি জমা প্রদানঃ-** তফসিল-১ এ উল্লিখিত, ক্ষেত্রমতে, নিবন্ধনের জন্য আবেদন ফি, নিবন্ধন ফি, জামানত, লাইসেন্স নবায়নের আবেদন ফি, নিবন্ধন নবায়ন ফি, বিলম্ব জরিমানাসহ নিবন্ধন নবায়ন ফি এবং ডুপ্লিকেট নিবন্ধন ফি ব্যুরো কর্তৃক নির্ধারিত হিসাবে বা খাতে জমা করিতে হইবে।

**১৩। ইংরেজিতে অনূদিত পাঠঃ-** (১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (অঁঃযবহঃরপ উহমষরংয ঞবীঃ) প্রকাশ করিতে পারিবে।

(২) ইংরেজি পাঠ ও মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## তফসিল-১

**[বিধি ৩, বিধি ৪ এর উপ-বিধি (৪) ও (৫), বিধি ৬ এর উপ-বিধি (১) ও (২) এবং বিধি ১২ দ্রষ্টব্য]**

**নিবন্ধনের জন্য আবেদন ফি, নবায়ন ফি, জামানত, নিবন্ধন নবায়নের আবেদন ফি, নিবন্ধন নবায়ন ফি, বিলম্ব জরিমানাসহ নিবন্ধন নবায়ন ফি, ডুপ্লিকেট নিবন্ধন ফি (সকল ক্ষেত্রে প্রযোজ্য ভ্যাট/কর ব্যতীত)**

| ক্রমিক নং | ফি, ইত্যাদির বিবরণ | পরিমাণ (টাকার অংকে) | জমা প্রদানের মাধ্যম |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | নিবন্ধনের জন্য আবেদন ফি | ৩০০ (তিনশত) | পে-অর্ডার |
| ২। | নিবন্ধন ফি | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) | পে-অর্ডার |
| ৩। | জামানত | ১,০০,০০০ (এক লক্ষ) | এফডিআর এর মাধ্যমে |
| ৪। | নিবন্ধন নবায়নের আবেদন ফি | ৫০০ (পাঁচশত) | পে-অর্ডার |
| ৫। | নিবন্ধন নবায়ন ফি | ২৫,০০০ (পঁচিশ হাজার) | পে-অর্ডার |
| ৬। | বিলম্ব জরিমানাসহ নিবন্ধন নবায়ন ফি | জরিমানা ২৫,০০০ (পঁচিশ হাজার) সহ মোট ৫০,০০০ (পঞ্চাশ হাজার) | পে-অর্ডার |
| ৭। | ডুপ্লিকেট নিবন্ধন ফি | ৩০০ (তিনশত) | পে-অর্ডার |

**তফসিল-২**

**ফরম-১**

**[বিধি-৩ দ্রষ্টব্য]**

| **নিবন্ধনের জন্য আবেদনপত্র** | |
|---|---|
| ১। নাম (স্পষ্টাক্ষরে) | |
| ২। পিতার নাম (স্পষ্টাক্ষরে) | |
| ৩। মাতার নাম (স্পষ্টাক্ষরে) | |
| ৪। ঠিকানা | |
| (ক) স্থায়ী | |
| (খ) বর্তমান | |
| ৫। জাতীয়তা | |
| ৬। জাতীয় পরিচয়পত্র নম্বর | |
| ৭। যে নামে নিবন্ধন হইবে | |
| ৮। সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
| ৯। ওয়ার্ড কমিশনার/ চেয়ারম্যান কর্তৃক প্রদানকৃত প্রত্যয়ন পত্র | |
| ১০। আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে স্থাবর, অস্থাবর সম্পদের প্রমাণক এবং নগদ অর্থের পরিমাণ উল্লেখপূর্বক বিগত বৎসরের ব্যাংক হিসাব বিবরণী | |
| ১১। পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট | |
| ১২। বিধি ৩ এর দফা (ঘ) তে উল্লিখিত বিষয়সমূহ ৩০০(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে প্রদত্ত অঙ্গিকারনামা | |
| আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত তথ্য ও কাগজপত্রাদি সত্য ও সঠিক | |
| তারিখঃ | আবেদনকারীর স্বাক্ষর |

**ফরম-২**

**[বিধি ৪ এর উপ-বিধি (৫) এবং বিধি ৬ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]**

| **নিবন্ধন** | | |
|---|---|---|
| নিবন্ধন নম্বর | : | ------------------------------ |
| ঠিকানা | : | |
| স্থায়ী | : | ------------------------------------- |
| বর্তমান | : | ----------------------------------------- |
| নিবন্ধকারীর ছবি | : | |
| নমুনা স্বাক্ষর | : | ----------------------------- |
| | : | -------------------------------- |
| | : | --------------------------------- |

বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন (সংশোধিত), ২০২৩ এর ধারা ১৪ ক এর বিধান অনুযায়ী রিক্রুটিং এজেন্টের সাব-এজেন্ট বা প্রতিনিধি হিসাবে সরকারের পক্ষে নিম্নবর্ণিত শর্তে নিবন্ধন ইস্যু/নবায়ন করা হইল এবং ইহা ইস্যুর/নবায়নের তারিখ হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত কার্যকর থাকিবে, যথাঃ-

(ক) সাব-এজেন্ট বা প্রতিনিধিকে আইন ও বিধি অনুযায়ী আচরণ ও কার্যক্রম করিতে হইবে;
(খ) নিবন্ধনের প্রত্যেক মেয়াদে সাব-এজেন্ট বা প্রতিনিধিকে ন্যূনতম ২০ (বিশ) জন কর্মী বিদেশে প্রেরণে সহায়তা প্রদান করিতে হইবে;
(গ) আইন ও বিধির কার্যকারিতা বা সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া সরকার কর্তৃক, আদেশ দ্বারা, নির্ধারিত অন্যান্য শর্ত প্রতিপালন করিতে হইবে; এবং
(ঘ) এই নিবন্ধন হস্তান্তরযোগ্য হইবে না।

| | |
|---|---|
| তারিখ : --------------------- | মহাপরিচালক<br>জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |

**ফরম-৩**

**[বিধি ৬ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

| **নিবন্ধন নবায়নের আবেদনপত্র** | |
|---|---|
| ১। নিবন্ধকারীর নাম | |
| ২। ঠিকানা | |
| (ক) স্থায়ী | |
| (খ) বর্তমান | |
| ৩। সাব-এজেন্ট বা প্রতিনিধির নিবন্ধনের ফটোকপি | |
| ৪। বিগত ২ (দুই) বৎসর যে যে রিক্রুটিং এজেন্টের সহিতা কাজ করিয়াছে তাহার পূর্ণাঙ্গ বিবরণী | |
| ৫। ব্যুরো কর্তৃক সংরক্ষিত ডাটাবেইজে অভিবাসন প্রত্যাশী কর্মীগনের নিবন্ধনে সহায়তা প্রদান করা হইয়াছে উহার প্রমাণকসহ কর্মীগণের নামের তালিকা | |
| ৬। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকূলে প্রদত্ত নিবন্ধন নবায়নের জন্য আবেদন ফি'র পে-অর্ডার | |
| ৭। সাব-এজেন্ট বা প্রতিনিধিন বিরুদ্ধে কোনো আদালত কর্তৃক কোনোরূপ দন্ড প্রদান করা হইলে অথবা সরকার বা ব্যুরো কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহার বিবরণ | |
| ৮। আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে বিলম্বের (যদি থাকে) কারণ (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাইবে) | |
| আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত তথ্য ও কাগজাদি সত্য ও সঠিক। | |
| তারিখ: | আবেদনকারীর স্বাক্ষর |

**ফরম-৩**
**[বিধি ৮ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**

| **অভিবাসন করিতে আগ্রহী ব্যক্তির নিবন্ধনের আবেদনপত্র** | |
|---|---|
| ১। নাম | |
| ২। ঠিকানা | |
| (ক) স্থায়ী | |
| (খ) বর্তমান | |
| ৩। নিজ নামে নিবন্ধনকৃত সিম অনুযায়ী মোবাইল নম্বর অথবা পরিবারের দায়িত্বশীল ব্যক্তির মোবাইল নম্বর | |
| ৪। পাসপোর্ট নম্বর (যদি থাকে) | |
| ৫। প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিলে সংশ্লিষ্ট ট্রেডের নাম, প্রশিক্ষণের মেয়াদ ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের নাম | |
| ৬। যে সাব-এজেন্ট বা প্রতিনিধির মাধ্যমে বিদেশে কর্মসংস্থানে যাইবার জন্য প্রাথমিকভাবে আলোচনা হইয়াছে তাহার নাম ও নিবন্ধন নম্বর | |
| ৭। বিদেশে কর্মসংস্থানে গমনের জন্য নিয়মাবলী সম্পর্কে জানা থাকিলে তাহার সংক্ষিপ্ত বিবরণী | |
| আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত তথ্য ও কাগজাদি সত্য ও সঠিক। | |
| তারিখ: | আবেদনকারীর স্বাক্ষর |